উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

## মার্চ/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ১০/৩/২০২২ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রয়ারি/২০২২ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রয়ারি/২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রয়ারি/২০২২মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ফেব্রয়ারি/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ফেব্রয়ারি/২০২২ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ফেব্রয়ারি/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মার্চ/২০২২ মাসের মজুরী বিল । | ১৫৪০০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ফেব্রয়ারি/২০২২ মাসের মজুরী বিল । | ১৫৪০০/ |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর ফেব্রয়ারি/২০২২ মাসের মজুরী বিল । | ১৫৪০০/- |
| ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর ফেব্রয়ারি/২০২২ মাসের মাসের মজুরী বিল | ১৫৪০০/- |

| | | | |
|---|---|---|---|
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর ফেব্রয়ারি/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| ১৩ | উপজেলা পরিষদের ফেব্রয়ারি/২০২২ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য ফেব্রয়ারি/২০২২ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, জনাব সফি উল্লাহ, সাবেক উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ (সাবেক দক্ষিণ সুনামগঞ্জ) এর বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত করা হয়েছিল। মেরামত ব্যয় ছিল ২,২৭,১৪৮.০০টাকা খ) সাবেক সহকারী কমিশনার(ভূমি) গেজেটেড কোয়াটার মেরামত ব্যয় ছিল ১,১৪,২৩৬.০০ টাকা সহ সর্বমোট ৩,৪১,৩৮৪.০০ টাকা । বর্ণিত কাজ ইতিপূর্বে সমাপ্ত করা হয়েছে। কিন্ত বরাদ্দ স্বল্পতার দরুন সংশ্লিষ্ট ঠিকাদার কে বিল প্রদান করা হয় নাই। এছাড়া উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ৬,০৮,৬১৬.০০/- (ছয় লক্ষ আট হাজার ছয়শত ষোল) টাকা ব্যয় করা হয়েছে। একুনে সর্বমোট ৯,৫০,০০১/- (নয় লক্ষ পঞ্চাশ হাজার এক) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। জনাব সফি উল্লাহ, সাবেক উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ (সাবেক দক্ষিণ সুনামগঞ্জ) এর বাসভবন মেরামত ব্যয় ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ সর্বমোট ৯,৫০,০০১/- (নয় লক্ষ পঞ্চাশ হাজার এক) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বহিঃবিভাগ জনগণকে স্বাস্থ্য সেবা প্রদানের জন্য জরুরী ভিত্তিতে কিছু লজিস্টিক সাপোর্ট প্রয়োজন যেমন- এসি , জেনারেটর,বিপি মেশিন, টিকেট বই, স্টেটোস্কোপ, খাবার পানির জন্য টিউবওয়েলে মটর সংযোগ। টেলিমেডিসিনের জন্য প্রয়োজনীয় ইলেক্ট্রনিক সাপোর্ট যেমন- ল্যাপটপ, মোবাইল ফোন, সিম (ডাটাসহ) এবং পরিচ্ছন্নতা কর্মী প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বহিঃবিভাগ ও টেলিমেডিসিন সেবা চালু করার নিমিত্ত প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্টের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়। | বহিঃবিভাগ ও টেলিমেডিসিন সেবা চালু করার নিমিত্ত প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট এর ব্যবস্থা করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২য় পর্যায়ে টি আর তালিকা দাখিল করা হয়েছে। উপজেলা পরিষদের অভ্যন্তরে স্মৃতিসৌধ নির্মাণ বাবদ ১৭ (সতের) লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়িত অর্থের অপরিশোধিত অর্থ পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। চলমান প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে শতভাগ কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্র | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, ০৪ টি ইউনিয়ন পরিষদে পাইপলাইনের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হবে। ডুংরিয়া গ্রামে প্রকল্পটি চলমান এবং শিমুলবাক ইউনিয়নে প্রকল্প গ্রহণ কর হবে। | ১) নির্মাণ কাজে যেন নিম্ন মানের সামগ্রী ব্যবহার করা না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে,হাওরে বোরো আবাদ আগামী এপ্রিল ২৭ তারিখের মধ্যে ৯০% কর্তন করা হবে মর্মে সভায় জানান। পূর্ব পাগলা, পূর্ব বীরগাও , ডাবর পয়েন্টসহ যে সকল বাধ ঝুকিপূর্ণ রয়েছে তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ মাসে ১৫০ জন কৃষকের মধ্যে আউশ ধানের বীজ বিতরণ করা হয়েছে। | ১) ধান পাকা সাপেক্ষে দ্রুত বোরো ফসল কর্তন করতে হবে।<br>২) ফসল রক্ষা বাধ নির্মাণ কাজ তদারকি করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে,উপজেলা মৎস্য অফিসের আওতাধীন ০৩ টি প্রকল্প চলমান রয়েছে। জলাশয় সংস্কার প্রকল্পের আওতায় ০৫ টি প্রকল্প চলমান রয়েছে। এছাড়া হাওরের পানি সঠিক সময়ে ছেড়ে না দেওয়ার কারণে মাছের প্রজনন বাধাগ্রস্থ হওয়ার ফলে দেশীয় মাছের পরিমাণ দিন দিন কমে যাচ্ছে। এ বিষয়ে চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, নির্দিষ্ঠ সময়ে হাওর রক্ষা বাধ কেটে দিতে হবে এবং বিল/জলমহাল শুকিয়ে মৎস্য নিধনে উপজেলা প্রশাসনকে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। | ১.প্রকল্পগুলো যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১.উপজেলা মৎস্য অফিস, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সাধারণত গর্ভবতী মায়েদের ডেলিভারীর আগে ০৪ টি চেক আপ ও ডেলিভারীর পরে ০৪ টি চেক আপ করা বাধ্যতামূলক। এ বিষয়টি মাঠকর্মীদের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) প্রতি মাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গৃহপালিত পশু পাখির যেকোনো ধরণের রোগ বালাই দেখা দিলে সাথে সাথে অত্র অফিসকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।ক্যাম্প পরিচালনার মাধ্যমে ৩৫০০ গরুকে বাদলা ভ্যাকসিন প্রদান করা হয়েছে। সব ধরণের ভ্যাকসিন পর্যাপ্ত পরিমাণে মজুদ রয়েছে। ইউপি চেয়ারম্যানবৃন্দের সহায়তায় তার এলাকায় যে কোনো স্থানে গবাদিপশুকে ভ্যাকসিন প্রদান করা যেতে পারে। | ১) ইউপি চেয়ারম্যাবৃন্দের সহায়তায় বিভিন্ন ইউনিয়নে টীকাদান ক্যাম্প পরিচালনা করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, কেশবপুর, কুতুবপুর, থলেরবন্দ, ইসলামপুরসহ উপজেলার বিভিন্ন গ্রামে শিক্ষার্থীদের স্কুলে যাওয়ার রাস্তায় নাই। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব- ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের সাথে গ্রামের সংযোগ রাস্তা নির্মাণের জন্য অনুরোধ করা হয়। | ১. ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব-ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের সাথে গ্রামের সংযোগ রাস্তা নির্মান করতে হবে | ১. ইউপি চেয়ারম্যান(সকল), শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, ১৫ মার্চ হতে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম চালু হবে। অত্র উপজেলায় সংশ্লিষ্ট এসএসসি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ১. মান সম্পন্ন শিক্ষা নিশ্চিতকল্পে মনিটরিং কার্যক্রম বাড়াতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের আওতায় সমবায় সমিতি গঠনের নির্দেশনা পাওয়া গেছে। ইতিমধ্যে সমিতি গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অত্র উপজেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা প্রকল্প নামীয় আরও একটি প্রকল্প পাওয়া গেছেন। সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ০২ মাস ব্যাপি বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ১.বঙ্গাবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের কাজ সরকারি নির্দেশনা মেনে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, আগামী এপ্রিল/মে মাস হতে বোরো ধান সংগ্রহ কার্যক্রম শুরু হবে। কৃষি বিভাগের তালিকা অনুযায়ী লটারীর মাধ্যমে অত্র উপজেলার কৃষকদের ধান খাদ্য গুদামে ধান সংগ্রহ করা হবে। | সরকারি ভাবে খাদ্যগুদামে ধান সংগ্রহ প্রক্রিয়া সচ্চতার সহিত সম্পন্ন করতে হবে। কৃষকগণ যেন তাদের ধানের ন্যায্যমূল্য পেয়ে থাকে তা নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ এর পক্ষে জনাব হাসান কবির, উপজেলা শিশু অধিকার বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মাতৃত্বকালীন অন্তর্ভূক্তিকরণের তালিকার কাজ বন্ধ রয়েছে। আগামী জুলাই/২০২২ থেকে যথারীতি কার্যক্রম শুরু হবে। এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। নীতিমালা মোতাবেক কেবল মাত্র ০২ টি সন্তানের বেলায় মার্তৃত্বকালীন ভাতা প্রযোজ্য। কিন্তু অধিকাংশ ইউনিয়ন হতে একাধিক সন্তান এর মায়ের জন্য এ ভাতার আবেদন প্রেরণ করেন এ বিষয়ে নীতিমালার আলোকে প্রস্তাব প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদে ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিডির চাউল বিতরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ১.নীতিমালা মোতাবেক কেবল মাত্র ০২ টি সন্তানের বেলায় মার্তৃত্বকালীন ভাতার প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>২.ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিডির চাউল বিতরণ করতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান,শান্তিগঞ্জ। |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ। |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভায় আলোচনা করেন যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী ২০২২ আগত। মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী যথাযোগ্য মর্যদায় পালনের নিমিত্তে সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দের ঐকান্তিক চেষ্টা এবং সহযোগিতার কথা উল্লেখ করে দিবসটি উদযাপনের বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য অর্থ সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে বৎসরে সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। নির্দেশিকার আলোকে বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য প্রস্তাব করেন। | (ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে নির্দেশিকার আলোকে বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করতে হবে। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভায় আলোচনা করেন যে, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এ দৈনিক মজুরী ভিত্তিতে কর্মরত জনাব লব চন্দ্র পাল, জনাবমাহিন মিয়া,জনাব আবু রায়হান , জনাব কামাল মিয়া ১৪২৯ বাংলা সন হতে বিধি মোতাবেক ২০% নববর্ষ ভাতা পাওয়ার জন্য আবেদন দাখিল করেন যে, আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়, আলোচনান্তে কার্যদিবসের (২২ দিনের) অর্থ্যা ১২১০০/- টাকার ২০% হিসেবে ২৫০০/- টাকা নববর্ষ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়টি সভায় গৃহীত হয়। | (খ)জনাব লব চন্দ্র পাল, জনাবমাহিন মিয়া,জনাব আবু রায়হান , জনাব কামাল মিয়াকে ১৪২৯ বাংলা সন হতে বিধি মোতাবেক ২০% নববর্ষ ভাতা প্রদান করতে হবে। | (খ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১- ৫৭(৫০)

তারিখ: ১০ মার্চ ,২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা .................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা.......................................................................................

স্বাক্ষরিত/
(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ